



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
প্রশিক্ষণ উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd



কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.২৬১.০৪.০০৪.২০.১০

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭

০৯ জুন ২০২০

বিষয়: অনলাইন ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট সমূহে চলমান ২য়, ৪র্থ এবং ৬ষ্ঠ সেমিস্টারের ক্লাস এটুআই এর সহযোগীতায় আগামী ১৪ জুন ২০২০ খ্রিঃ তারিখ রোজ রবিবার হতে অনলাইনে ফেসবুক লাইভের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী ইতোমধ্যে বিষয়ভিত্তিক প্রশিক্ষক এবং সেমিস্টার ভিত্তিক টিম লিডার নির্বাচন করা হয়। অনলাইন ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনা এবং তা যেন সকল ছাত্রছাত্রী সহজে দেখার সুযোগ পায় সে জন্য নিম্নোক্ত নির্দেশনা পালনের জন্য অনুরোধ করা হলো।

- নির্ধারিত ক্লাস রুটিন ছাত্রছাত্রীদের অবগতির জন্য এটিআই সমূহের নোটিশ বোর্ড, ওয়েবসাইট এবং ফেসবুক পেজ/গ্রুপের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ক্লাসসমূহ Skills Portal Bangladesh নামক ফেসবুক পেজ থেকে লাইভ প্রচারিত হবে। উক্ত লাইভ নির্দিষ্ট সময়ে সকল কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ফেসবুক পেজ/গ্রুপে শেয়ারের ব্যবস্থা করতে হবে।
- প্রতিটি ক্লাসের জন্য নির্ধারিত সময় ৩০ মিনিট থাকবে।
- অনলাইন ক্লাস রবিবার হতে বৃহস্পতিবার বিকাল ০৫.০০ টা হতে ০৬.০০ টা পর্যন্ত দুইটি করে মোট ১০ টি এবং শনিবার বেলা ০১.০০ টা হতে ০৬.০০ টা পর্যন্ত মোট ১০ টি ক্লাস অনুষ্ঠিত হবে।
- প্রতি সপ্তাহে ২য়, ৪র্থ এবং ৬ষ্ঠ সেমিস্টারের জন্য নির্ধারিত সর্বমোট ২০ টি ক্লাস অনুষ্ঠিত হবে।
- লাইভ ক্লাস পরিচালনার জন্য নির্ধারিত প্রশিক্ষককে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সরবরাহের ব্যবস্থা করতে হবে।
- ক্লাস চলাকালিন সময়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- সকল প্রকার লজিস্টিক সাপোর্ট যেমনঃ লেপটপ/ডেস্কটপ কম্পিউটার, হোয়াইট বোর্ড ইত্যাদি প্রয়োজন অনুযায়ী সরবরাহ করতে হবে।
- অফিসে থেকে ক্লাস পরিচালনার জন্য সকল প্রকার সুবিধাদি প্রদান করতে হবে।
- ক্লাস সমূহ সঠিকভাবে হচ্ছে কিনা এবং তা ছাত্রছাত্রীরা ঠিকমত বুঝতে পারছে কিনা তা মনিটরিং করতে হবে।

৯-৬-২০২০

এ. বি. এম. বদরুজ্জামান
পরিচালক (ভারপ্রাপ্ত)

অধ্যক্ষ (সকল), কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট।


স্মারক নম্বর: ১২.০১.০০০০.২৬১.০৪.০০৪.২০.১০/১(৩৩)

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭

০৯ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক (রগটিন দায়িত্ব), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৪) পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৫) অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৬) উপপরিচালক, কারিকুলাম, ডেভেলপমেন্ট এন্ড এডুকেশন অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৭) উপপরিচালক, ডিপ্লোমা এডুকেশন অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৮) উপপরিচালক, উচ্চতর শিক্ষা ও বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৯) উপপরিচালক, কৃষক প্রশিক্ষণ অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ১০) কারিকুলাম স্পেশালিস্ট, কৃষি শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ১১) অতিরিক্ত উপপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ১২) গবেষণা কর্মকর্তা, প্রশিক্ষণ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ১৩) পলিসি স্পেশালিস্ট, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম



৯-৬-২০২০

এ. বি. এম. বদরুজ্জামান
পরিচালক (ভারপ্রাপ্ত)